জাতীয় শুদ্ধাচার কৌশ বাস্তবায়নের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের "দুর্নীতি প্রতিরোধমূলক সচেতনামূলক " ২০২০-২০২১ অর্থ বছরের ২য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আতিকুল হক<br>মহাপরিচালক,<br>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। |
| তারিখ | : | ০৭.০২.২০২১ খ্রি. |
| সময় | : | বিকাল ০৪-০০ ঘটিকা । |
| স্থান | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষে। |
| উপস্থিত সদস্যদের হাজিরা | : | পরিশিষ্ট 'ক' |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। শুরুতেই দুর্নীতিমুক্ত সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে যার যার অবস্থান ও দায়িত্ববোধ থেকে সরকারি কাজ যথাযথভাবে সম্পাদনসহ নাগরিক সেবা প্রদানে আরও আন্তরিক হওয়ার জন্য সভাপতি উপস্থিত সকলকে পরামর্শ দেন। অতপর জবাবদিহিতামূলক জনবান্ধব প্রশাসন গড়ার বিভিন্ন উপায় ও কর্মপরিকল্পনা উদ্ভাবন বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন -১) গত ০২.১১.২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধন বা সংযোজন না থাকায় তা দৃঢ়করণ করা হয়। উপস্থাপিত অদ্যকার সভার কার্যপত্রের আলোকে সভায় বিস্তারিত আলোচনা করা হয। বিস্তারিত আরোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্রমিক নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | "দুর্নীতি" কে না বলা এবং স্বচ্ছতা ও যথাযথ জবাব দিহিতার মধ্যমে কর্মসম্পাদনকরণ। | "দুর্নীতি"কে না বলা এবং স্বচ্ছতা ও যথাযথ জবাবদিহিতার মাধ্যমে কর্মসম্পাদনে সচেষ্ট হতে হবে। | সকল কর্মকর্তা/ কর্মচারি |
| ২ | স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে সরকারের সকল কর্মসূচি বাস্তবায়ন করা। | স্বচ্ছতা ও জাবাব দিহিতার মাধ্যমে সরকারের উন্নয়ন প্রকল্পসহ সকল কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | সকল কর্মকর্তা/ কর্মচারি |
| ৩. | নাগরিক সেবার মান উন্নতকরণ | নাগরিক সেবার মান উন্নতকরণে স্ব-স্ব দায়বদ্ধতা থেকে জনসেবার লক্ষ্যে সরকারি কাজ করতে হবে। সেবা গ্রহণে অযথা কেহ যাতে হয়রানি না হয় সেদিকে সদা সজাগ থাকতে হবে। | সকল কর্মকর্তা/ কর্মচারি |
| ৪ | ব্রীজ/ কালভাট, কাবিখা/ কাবিটা, টিআর (কাবিটা), সোলার স্থাপন ও ইজিপিপি, দুর্যোগ সহনীয়ঘর নির্মাণসহ সকল উন্নয়নমূলক প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন এবং বাস্তবায়নের জন্য অনুমোদিত প্রকল্প / উপকারভোগীর তালিকা জনগণের অবগতির জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্ট উপজেলায় দৃশ্যমান করা। | ব্রীজ/ কালভাট, কাবিখা/ কাবিটা, টিআর (কাবিটা), সোলার স্থাপন ও ইজিপিপি, দুর্যোগ সহনীয়ঘর নির্মাণসহ সকল উন্নয়নমূলক প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন এবং বাস্তবায়নের জন্য অনুমোদিত প্রকল্প / উপকারভোগীর তালিকা জনগণের অবগতির জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্ট উপজেলায় দৃশ্যমান স্থানে টাংগিয়ে রাখতে হবে। | সকল জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা / উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৫ | জানুয়ারি. ২০২০ থেকে ডিসেম্বর ২০২০ পর্যন্ত ০৭টি আবেদন পাওয়া যায়। আবেদনসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তি করা হয়েছে। | তথ্য অধিকার আইন অনুযায়ী যথাসময়ে সরকারি বিধিমতে তথ্য সরবরাহ করতে হবে। | পরিচালক(প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ৬ | জেলা/ উপজেলা পর্যায়ে বিভিন্ন কাজ স্বচ্ছতার সাথে বাস্তবায়নের উপর গণশুনানির আয়োজন করা। | আগামী ১০.০৩.২০২১ তারিখের মধ্যে প্রতিটি জেলায়/ জেলাধীন যে কোন একটি উপজেলায় একটি **প্রাতিষ্ঠানিক গণশুনানীর আয়োজন করতে হবে এবং** অনুষ্ঠিত গণশুনানীর ছবিসহ সুপারিশ/প্রস্তাবনা অত্র অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | পরিচালক/ প্রকল্প পরিচালক ডিআরআরও / পিআইও (সকল) |
| ৭ | তথ্য অধিকার আইন অনুযায়ী যথাসময়ে বিধিমতে তথ্য সরবরাহ। | তথ্য অধিকার আইন অনুযায়ী যথাসময়ে বিধিমতে তথ্য সরবরাহ করতে হবে। | সকল পরিচালক/ প্রকল্প পরিচালক/ ডিআরআরও / পিআইও |
| ৮ | জেলা/ উপজেলা পর্যায়ে অনলাইনের মাধ্যমে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থাকরণ। এ বিষয়ে উপপরিচালক (প্রশাসন-১) বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ইতোমধ্যে GRS (Grievence redress System) চালু করা হয়েছে। যে কোন জেলা/ উপজেলা বা স্থান হতে জনগণ এই সফটওয়ার এর মাধ্যমে যে কারো বিরুদ্ধে অভিযোগ দাখিল করতে পারেন। উল্লেখ্য, এই সফটওয়ারে অভিযোগ দাখিল প্রক্রিয়া এবং নিষ্পত্তিকরণের ব্যবস্থা রয়েছে। তাছাড়া জিআরএস এর লিংক ডিডিএম এর ওয়েবসাইটসহ সরকারি সকল ওয়েসাইটে আছে। | GRS (Grievence redress System) এর মাধ্যমে অনলাইনে প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক (প্রশা-১) ও ডিআরআরও / পিআইও (সকল) |
| ৯ | অধিদপ্তর ও মাঠ পর্যায়ে সৎ, দক্ষ, কর্মঠ ও নিষ্ঠাবান কর্মকর্তা/ কর্মচারিদের প্রণোদনা প্রদানের ব্যবস্থাকরণ। | অধিদপ্তর ও মাঠ পর্যায়ে সৎ, দক্ষ, কর্মঠ ও নিষ্ঠাবান কর্মকর্তা/ কর্মচারিদের প্রণোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন) |
| ১০ | ২০২০-২০২১ অর্থ বছরের জুলাই থেকে এ পর্যন্ত ২য় শ্রেণির কর্মকর্তাদের বিরুদ্ধে ১০ টি বিভাগীয় মামলা রুজু করা হয়। এ পর্যন্ত ৪ টি মামলার মধ্যে ০৩ টি মামলায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের তাদের স্ব-স্ব বেতন গ্রেডের প্রারম্ভিক ধাপে অবনমিতকরণ করে এবং অপর ০১ টি মামলায় ০১টি বার্ষিক বেতন পরবর্তী ২ বছরের জন্ন স্থগিত করে নিষ্পত্তি করা হয়েছে। | যথাযথ তদন্তের মাধ্যমে অসৎ কর্মকর্তা/ কর্মচারিদের চিহ্নিত করে সরকারি বিধিমতে উপযুক্ত শাস্তি প্রদানের ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন) ডিআরআরও/পিআইও |
| ১১ | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুয়ায়ী প্রকল্পের কাজ বাস্তবাযণ করণ। | সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা অনুয়ায়ী সকল প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | সকল পরিচালক / প্রকল্প পরিচালক |
| ১২ | ই-জিপি পদ্ধতিতে টেন্ডার কার্যক্রম সম্পন্নকরণ। | ই-জিপি পদ্ধতিতে টেন্ডার কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সকল পরিচালক/ প্রকল্প পরিচালক |
| ১৩ | দুর্নীতির কুফল সম্পর্কে ধারণা | দুর্নীতির কুফল সম্পর্কে বিভিন্ন সভা/ সেমিনার/ আলোচনা সভার মাধ্যমে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারিদেরকে ধারণা দিতে হবে। | পরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ) ও সকল ডিআরআরও/ পিআইও |
| ১৪ | সামাজিক ও ধর্মীয় অনুশাসন এবং ধর্মীয় মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়া। | সভা/ সেমিনার ওর মাধ্যমে প্রত্যেক কর্মকর্তা/ কর্মচারিকে সামাজিক ও ধর্মীয় অনুশাসন ও | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্মচারি |

| | | | |
|---|---|---|---|
| | | মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার উৎসাহ দিতে হবে। | |
| ১৫ | সিটিজেন চার্টার যথাযথভাবে বাস্তবায়ন | নির্দেশিকা মোতাবেক সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করতে হবে। | সকল পরিচালক/ উপপরিচালক |

০২. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি করেন।

২১/২/২০২১

(মোঃ আতিকুল হক)
মহাপরিচালক
ফোনঃ ৮৮৩৫৪৯৫
Email: dg@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.০৬.০৩৩.২০. ১৬৮

তারিখঃ ২৭.০২.২০২১ খ্রি.

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক/ প্রকল্প পরিচালক ........................................, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক/ উপপ্রকল্প পরিচালক....................................., দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪. প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। ( অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সহকারী পরিচালক/ সহকারি প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা........... দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ...................................., ।(তাঁর জেলাধীন সকল পিআইওকে অবহতি করবেন।
৭. পিএটু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপন অধিদপ্তর, ঢাকা।

২৭.০২.২০২১
(লুৎফুন নাহার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশসান-১)
ফোনঃ ৯৮৬১৩৬০